

বিশ্বে সবচেয়ে বেশি বায়ুদূষণ বাংলাদেশে

■ সমকাল ডেস্ক
জনস্বাস্থ্য, পরিবেশাশয়ন ও কৃষি
খাতের চিত্রে সামান্য উন্নতি হলেও
বায়ুদূষণের দিক দিয়ে বিশ্বের ১৭৮টি
দেশের মধ্যে সবচেয়ে পিছিয়ে আছে
বাংলাদেশ।

পরিবেশ ও জীবনমানের ওপর
এর প্রভাব নিয়ে ইয়েল
বিশ্ববিদ্যালয়ের গবেষকরা প্রতিবছর
যে বৈশ্বিক সূচক প্রকাশ করেন, তাতে সবচেয়ে দূষিত
দেশের তালিকায় বাংলাদেশের অবস্থান দশম। গত
সোমবার প্রকাশিত 'গ্লোবাল এনভায়রনমেন্টাল



পারফরম্যান্স ইনডেক্স ২০১৪'
অনুযায়ী বিশ্বের ১৭৮টি দেশের মধ্যে
বাংলাদেশের অবস্থান ১৬৯ নম্বরে।

জনস্বাস্থ্যের ওপর দূষণের প্রভাব,
বায়ুর মান, পানি সরবরাহ, ও
পরিবেশাশয়ন, পানিসম্পদ, কৃষি,
বনাগন, মৎস্য সম্পদ, জীববৈচিত্র্য ও
বাসস্থান এবং আবহাওয়া ও জ্বালানি-
এই আটটি বিষয় বিবেচনা করে ১০০
স্থলে বাংলাদেশের স্তর ২৫ দশমিক ৬১। আর শুধু
বায়ুদূষণের কথা বিবেচনা করলে বাংলাদেশের স্তর
১০০-এর মধ্যে মাত্র ১৫ : কলাম ৫

বিশ্বে সবচেয়ে বেশি

[শেষ পৃষ্ঠার পর]

১৩ দশমিক ৮৩। আর অবস্থান সবার
শেষে, অর্থাৎ ১৭৮ নম্বরে। গ্লোবাল
এনভায়রনমেন্টাল পারফরম্যান্স
ইনডেক্সে ১৫ দশমিক ৪৭ স্তর নিয়ে
সোমালিয়া আছে সবার শেষে, অর্থাৎ
১৭৮ নম্বরে। আর পরিবেশের বিচারে
সবচেয়ে ভালো দেশ সুইজারল্যান্ডের
স্তর ৮৭ দশমিক ৬৭। ২০১২ সালের
সূচকেও বাংলাদেশ একই স্তর নিয়ে
একই অবস্থানে ছিল। তবে ইয়েলের এই
সূচক চালুর প্রথম বছর ২০০২ সালে ২৪
দশমিক ৬৩ স্তর নিয়ে বাংলাদেশ ছিল
১৬৬ নম্বরে। ওই বছর বায়ুদূষণে
বাংলাদেশের অবস্থান ছিল তালিকার
১৭৪ নম্বরে, যা এখনকার চেয়ে ভালো।
এই হিসাবে গত এক যুগে দূষণ ও
পরিবেশের বিচারে বাংলাদেশ
পিছিয়েছে। দক্ষিণ এশিয়ার দেশগুলোর
মধ্যে এ সূচকে সবচেয়ে ভালো অবস্থানে
রয়েছে শ্রীলংকা। ৫৩ দশমিক ৮৮
স্তর নিয়ে দেশটির অবস্থান তালিকার
৬৯ নম্বরে। ভারত ৩১ দশমিক ২৩
স্তর নিয়ে দেশটির অবস্থান তালিকার
১৫৫ নম্বরে। পাকিস্তান ৩৪ দশমিক ৫৮
স্তর নিয়ে দেশটির অবস্থান তালিকার
১৪৮ নম্বরে। প্রতিবেদনে বলা হয়,
সবচেয়ে খারাপ দশমিক হাকা এই
দেশগুলো রাজনৈতিক ও অর্থনৈতিক
দিক দিয়ে দুর্দশার মধ্যে থাকায় অনেক
ক্ষেত্রেই পরিবেশের বিষয়গুলো পাশ
কাটিয়ে যায়।

এবারের তালিকার উপনিতে হাকা
সবচেয়ে বেশি দূষণের ৯টি দেশ হলো,
সোমালিয়া (১৫ দশমিক ৪৭), মালি
(১৮ দশমিক ৪৩), হাইতি (১৯ দশমিক
১), পেনামোন্সো (২০ দশমিক ৮১),
আফগানিস্তান (২১ দশমিক ৫৭),
সিয়েরালিওন (২১ দশমিক ৭৪),
লাইবেরিয়া (২৩ দশমিক ৯৫), সুদান
(২৪ দশমিক ৬৪) ও ভিআর কসো (২৫
দশমিক ১)। তালিকায় এর পরই
বাংলাদেশের অবস্থান।